# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 01.05.2024 Time: 7.35 A.M.**

---

বিশেষ বিশেষ খবর –

১) লোকসভা নির্বাচনের চতুর্থ দফায় রাজ্যে আটটি আসনে মোট ৭৫ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করবেন।

২) জঙ্গলমহলের জেলাগুলিতে ভোটের সময় হাতির হানা থেকে ভোটারদের রক্ষা করতে নির্বাচন কমিশন ও বন দফতর বিশেষ ব্যবস্থা নিয়েছে।

৩) লোকসভা নির্বাচনের তৃতীয় ও বাকি দফাগুলির ভোটের জন্য প্রচার জমে উঠেছে।

সব দলের প্রার্থীরাই তীব্র গরম উপেক্ষা করে মিটিং-মিছিল-পথসভার মাধ্যমে ভোটারদের মন জয় করার জন্য আপ্রাণ চেষ্টা চালিয়ে যাচ্ছেন।

৪) আজ ঐতিহাসিক মে দিবস। বিভিন্ন কর্মসূচীতে দিনটি পালন করা হচ্ছে।

৫) তীব্র দাবদাহে পুড়ছে গোটা দক্ষিণবঙ্গ। আজও বিভিন্ন জেলায় তীব্র তাপপ্রবাহের লাল সতর্কতা জারি।

oooooooooooooooooooooooo

লোকসভা নির্বাচনের চতুর্থ দফায় রাজ্যে আটটি আসনে মোট ৭৫ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করবেন। ওই পর্বে আগামী ১৩ই মে বহরমপুর, কৃষ্ণনগর, রানাঘাট, বোলপুর, বীরভূম, বর্ধমান পূর্ব, বর্ধমান-দুর্গাপুর ও আসানসোল লোকসভা আসনের জন্য ভোট নেওয়া হবে। চতুর্থ পর্বে মনোনয়ন প্রত্যাহারের সময়সীমা পেরিয়ে যাওয়ার পর নির্বাচন কমিশন গতকাল চূড়ান্তভাবে ওই আসনের প্রার্থীদের নাম জানিয়ে দিয়েছে।

চতুর্থ পর্বে ৮টি লোকসভা আসনের মধ্যে সবথেকে বেশি প্রার্থী রয়েছেন বহরমপুরে ১৫ জন। বীরভূমে মোট ১২ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা আসনে রয়েছেন। কৃষ্ণনগরে ১১ জন, বর্ধমান দুর্গাপুর এবং বোলপুর আসনে ৮ জন করে এবং রানাঘাট, বর্ধমান পূর্ব এবং আসানসোল আসনে সাতজন করে প্রার্থী থাকছেন বলে কমিশন জানিয়েছে।

এদিকে লোকসভা নির্বাচনের পঞ্চম এবং ষষ্ঠ দফার জন্য মনোনয়নপত্র দাখিলের পর্ব চলেছে জোর কদমে।

পঞ্চম দফায় ৭-টি আসনের জন্য এপর্যন্ত ৩০-টি মনোনয়ন জমা পড়েছে। প্রার্থী পদ দাখিলের শেষ দিন শুক্রবার তেশরা মে।

অন্যদিকে ষষ্ঠ দফা দু-দিনে ১০-টি মনোনয়ন জমা পড়েছে। এই দফায় প্রার্থীপদ পেশ করা যাবে ৬-ই মে পর্যন্ত।

oooooooooooooooooooooo

জঙ্গলমহলের জেলাগুলিতে ভোটের সময় হাতির হানা থেকে ভোটারদের রক্ষা করতে নির্বাচন কমিশন ও রাজ্য বন দফতর বিশেষভাবে উদ্যোগী হচ্ছে। এধরণের প্রতিটি বুথে সশস্ত্র বনকর্মীদের মোতায়েন করা হবে। ভোট গ্রহণ কেন্দ্রের চার-পাঁচ কিলোমিটারের মধ্যে হাতির আনাগোণার ওপর কড়া নজর রাখবেন তাঁরা। নির্দিষ্ট সীমার মধ্যে কোন বুনো হাতি বা হাতির পাল চলে এলে তাদের সরিয়ে দেওয়া হবে বলে বন দফতরের তরফে জানানো হয়েছে।

নির্বাচন কমিশন, হাতির গতিবিধির ওপর ২৪ ঘণ্টা নজরদারির নির্দেশ দিয়েছে। এলিফ্যান্ট টাস্ক ফোর্সকেও যে কোনও রকমের আপৎকালীন পরিস্থিতি মোকাবিলায় প্রস্তুত থাকতে বলা হয়েছে।

উল্লেখ্য, লোকসভা ভোটের ষষ্ঠ দফায় ২৫শে মে জঙ্গল মহলের চার জেলা বাঁকুড়া, পুরুলিয়া, পশ্চিম মেদিনীপুর ও ঝাড়গ্রামের পাঁচ আসনে ভোট নেওয়া হবে।

oooooooooooooooooooooo

রাজ্যে প্রথম দুই দফার ভোটে ছয় কেন্দ্রের মধ্যে দার্জিলিং এবং জলপাইগুড়ি ছাড়া বাকি চার কেন্দ্রে পুরুষদের তুলনায় মহিলা ভোটাররা বেশি ভোট দিয়েছেন। নির্বাচন কমিশনের তথ্য বলছে, প্রথম দফায় আলিপুরদুয়ারে পুরুষদের ভোটদান 78.71 শতাংশ ও মহিলাদের ভোটদান 80.81 শতাংশ। কোচবিহারে পুরুষ 80.96 শতাংশ এবং মহিলাদের 83.45 শতাংশ। জলপাইগুড়িতে পুরুষদের ভোটদান 83.92 শতাংশ এবং মহিলাদের ভোটদান 83.40 শতাংশ।

দ্বিতীয় দফায় দার্জিলিংয়ে পুরুষ দের ভোটদানের হার ৭৫.৫৫ শতাংশ এবং মহিলাদের ভোটদানের হার ৭৩.৯৭ শতাংশ। পাশাপাশি রায়গঞ্জ কেন্দ্রে পুরুষদের ভোটদান ৭৩.১৫ শতাংশ এবং মহিলাদের ভোটদান ৭৯.৪২ শতাংশ। বালুরঘাট লোকসভা কেন্দ্রে পুরুষদের ভোটদানের হার ৭৭.২৬ শতাংশ এবং মহিলাদের ভোটদানের হার ৮১.০১ শতাংশ।

oooooooooooooooooooooo

৭ ই মে তৃতীয় দফার লোকসভা ভোটের আগে মুর্শিদাবাদে অশান্তির প্রেক্ষিতে নির্বাচন কমিশন, জেলা নির্বাচনী আধিকারিক এবং পুলিশ সুপারকে কড়া বার্তা পাঠিয়েছে বলে খবর। এতে, সাইলেন্স পিরিয়ড বা ভোট শুরুর ৪৮ ঘণ্টা আগেই সেখানকার পরিস্থিতি যে কোনো মূল্যে স্বাভাবিক করতে হবে বলে নির্দেশ দিয়েছেন বিশেষ সাধারণ পর্যবেক্ষক আলোক সিনহা এবং বিশেষ পুলিশ পর্যবেক্ষক অনিল কুমার শর্মা। যাদের বিরুদ্ধে জামিন অযোগ্য ধারায় অশান্তি সৃষ্টির অভিযোগ বা আশঙ্কা রয়েছে, তাদের অবিলম্বে হেফাজতে নিতে বলা হয়েছে। দ্রুত পদক্ষেপ করার ওপরেও জোর দেওয়া হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

তৃণমূল কংগ্রেস, নির্বাচনের আগে বিভিন্ন জায়গায় সন্ত্রাসের আবহ তৈরি করতে চাইছে বলে বিজেপি অভিযোগ করেছে।

কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে দলের মুখপাত্র, রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য বলেছেন, তৃণমূল কংগ্রেস জনবিচ্ছিন্ন হয়ে পড়েছে। দলনেত্রীর কথা মানুষ ও আদালত শুনছে না। তাই তারা ভয়ের পরিবেশ তৈরি করতে চাইছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে ফের প্রচারে আসছেন বিজেপির শীর্ষ নেতা, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। দোসরা মে রাজভবনে রাত্রিবাস করবেন তিনি। রাজনৈতিক প্রচারে এসে তিনি রাজভবনে থাকতে পারেন কিনা, এই প্রশ্নের উত্তরে মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর জানিয়েছে, বিদায়ী প্রধানমন্ত্রীর নিরাপত্তার বিষয়টি বিবেচনা করে এবং প্রোটোকল মেনে তাঁর রাজভবনে রাত্রিবাসে কোনো বাধা নেই। একইভাবে মুখ্যমন্ত্রীও যদি কোনো সরকারি ভবনে রাত্রিবাস করতে চান, তাতেও অসুবিধা নেই।

এদিকে, বীরভূম লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী হিসেবে প্রতিদ্বন্দ্বিতা করবেন দেবতনু ভট্টাচার্য। নির্বাচন কমিশন জানিয়েছে, ওই কেন্দ্রের প্রার্থীপদ বাতিল হওয়ার বিরুদ্ধে প্রাক্তন আই পি এস অফিসার দেবাশিস ধর যদি ইলেকটোরাল পিটিশন দাখিল করতে চান, তাহলে নির্বাচনী প্রক্রিয়া শেষ হওয়া পর্যন্ত পর্যন্ত তাঁকে অপেক্ষা করতে হবে।

উল্লেখ্য, রাজ্য সরকার 'নো ডিউস' সার্টিফিকেট না দেওয়ায় দেবাশিস ধরের মনোনয়ন পত্র বাতিল হয়ে গেলে দেবতনুকে প্রার্থী করে বিজেপি।

০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে তাপমাত্রার পারদের সঙ্গেই বাড়ছে নির্বাচনী উত্তাপ।

প্রবীণ বিজেপি নেতা, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী **অমিত শাহ** গতকাল পূর্ব

পূর্ব বর্ধমানের মেমারীর রসুলপুরের এক জনসভায় তৃণমূল কংগ্রেস সরকারের দুর্নীতির প্রসঙ্গ তুলে ধরেন। সন্দেশখালির অপরাধীদের বিজেপি সরকার উপযুক্ত

শাস্তি দেবে বলেও তিনি স্পষ্ট জানান। পরিবারতান্ত্রিক রাজনীতির বিরোধিতা করে শ্রী শাহ্ বলেন,

(বাইট- অমিত শাহ)

এদিকে, তৃণমূল কংগ্রেস প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, গতকাল মালদার উত্তরে হরিশচন্দ্রপুর ও দক্ষিণের চাঁচোলে দুটি জনসভা করেন। ইংরেজবাজারেও এক পদযাত্রায় যোগ দেন তিনি। বাংলাকে বদনাম করা বিজেপি-র একমাত্র উদ্দেশ্য বলে তিনি দাবি করেন।  অমিত শাহ্-কে চ্যালেঞ্জ ছুঁড়ে দিয়ে মমতা বলেন, কেন্দ্রীয় প্রকল্প বাবদ অর্থ ব্যয়ের একটিও ইউটিলাইজেশন সার্টিফিকেট ফেলে রাখেনি রাজ্য সরকার।

(বাইট- মমতা)

উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ গতকাল মুর্শিদাবাদে শক্তিপুরের মজলিসপুর ও পশ্চিম বর্ধমানের অন্ডালের খাঁদরায় দলীয় প্রার্থীদের সমর্থনে জনসভা করেন। রাজ্য সরকারের তীব্র সমালোচনা করে তিন বলেন, বাংলায় দুর্নীতিরাজ চলেছে। অপরাধিরা এখানে বুক ফুলিয়ে ঘুরে বেড়ায়। তৃণমূল কংগ্রেস সরকারের জন্যই পশ্চিমবঙ্গ উন্নয়নের ক্ষেত্রে পিছিয়ে পড়ছে বলে তাঁর দাবি।

মালদায় বিজেপি প্রার্থীর সমর্থনে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী নিশীথ প্রামাণিক হব্বিপুর বিধানসভার কলাইবাড়ি থেকে বুলবুলচন্ডী পর্যন্ত রোডশো করেন।

তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দোপাধ্যায় জনসভা করেন দক্ষিণ ২৪ পরগনার পাথরপ্রতিমায়।

মুর্শিদাবাদে সিপিআইএম প্রার্থীর সমর্থনে মিছিল করে এস এফ আই।

এদিকে, কামারহাটি পৌরসভার দোলপেরি মোড়ে দমদম কেন্দ্রের বিজেপি প্রার্থী শীলভদ্র দত্তের প্রচারের নির্ধারিত সময়সীমা পেরিয়ে যাওয়ার পরেও মিছিল শুরু না হওয়ায় নির্বাচন কমিশন তা আটকে দেয়। তারপর তারা মাইক নিয়ে প্রচারের ওপরেও নিষেধাজ্ঞা আরোপ করে। মাইক ছাড়াই ওই বিজেপি নেতা প্রচার শুরু করলেও, সেই মিছিলও কমিশন আটকে দিলে পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। নির্বাচন

কমিশন পক্ষপাতমূলক আচরণ করছে অভিযোগ করে শীলভদ্রবাবু নির্বাচন কর্মীদের ঠেলে সরিয়ে দিয়ে মিছিল নিয়ে এগিয়ে যান।

তীব্র দাবদাহের কারণে নির্ধারিত সময় বিকেল চারটেয় মিছিল শুরু করা যায়নি বলে তিনি দাবি করেন।

oooooooooooooooooooo

উত্তর ২৪ পরগণার বসিরহাটের বিজেপি প্রার্থী রেখা পাত্র গতকাল মাটিয়া থানার রাজেন্দ্রপুর গ্রাম পঞ্চায়েতের খড়িডাঙ্গার মাঝেরপাড়া এলাকায় গিয়ে প্রবল বিক্ষোভের মুখে পড়েন। তাঁর সঙ্গী বিজেপি নেত্রী অর্চনা মজুমদার'ও আক্রান্ত হন বলে অভিযোগ। দেওয়াল লিখনকে কেন্দ্র করে হামলার ঘটনায় আহত বিজেপি কর্মীকে দেখতে এসে তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে আপত্তিকর মন্তব্য করার জন্যই স্থানীয় বাসিন্দারা ক্ষিপ্ত হয়ে ওঠেন বলে দাবী শাসক দলের। দু'পক্ষের কর্মীরা হাতাহাতিতে জড়িয়ে পড়েন। রেখাকে লক্ষ্য করে ইট-পাথর, লাঠিসোঁটা নিয়ে তেড়ে যান বিক্ষোভকারীরা। কোনোক্রমে রেখাকে সরিয়ে নিয়ে যান নিরাপত্তা রক্ষীরা।

ধান্যকুড়িয়া গ্রামীণ হাসপাতালে চিকিৎসা করানোর পর মাটিয়া থানায় রাজেন্দ্রপুর গ্রাম পঞ্চায়েতের প্রধান সমীর বাছার, তাঁর ভাইপো- সিভিক ভলেন্টিয়ার বাবলু বাছার সহ সাত জনের বিরুদ্ধে লিখিত অভিযোগ জানান রেখা পাত্র ও অর্চনা মজুমদার।

oooooooooooooooooooo

পয়লা মে, ছুটির দিনে আজ বিভিন্ন রাজনৈতিক দলের প্রার্থীরা দিনভর তীব্র গরম উপেক্ষা করে প্রচার কর্মসূচীতে সামিল হবেন।

উত্তর কলকাতার বিজেপি প্রার্থী তাপস রায় আজ এন্টালি ও শ্যামপুকুর এলাকার বস্তিতে প্রচার চালানোর পর বেচু চ্যাটার্জী স্ট্রীট ও বড়বাজার এলাকায় দুটি রক্তদান শিবিরে যোগ দেবেন। জোড়াসাঁকোতেও তার প্রচারের কর্মসূচী রয়েছে।

বরানগরের তৃণমূল কংগ্রেস প্রার্থী অভিনেত্রী সায়ন্তিকা ব্যানার্জী সকালে বরানগর জুট মিলে আই এন টি টি ইউ সি-র উদ্যোগে মে ডে-র পতাকা উত্তোলন করবেন। এরপর তাঁর পথসভা, কর্মীসভা ও বাড়ি বাড়ি গিয়েও প্রচারের কর্মসূচী রয়েছে।

সিপিআইএম নেতা সুজন চক্রবর্তী সকালে মে দিবসের মিছিলে যোগ দেবেন টেক্সম্যাকো ওয়ার্কশপ গেটে । বিকেলেও কেষ্টপুর মোড়ে এক মিছিলে সামিল হবেন তিনি।

যাদবপুর, দক্ষিণ কলকাতা ও ডায়মন্ড হারবারের বাম প্রার্থীরাও নিজ নিজ এলাকায় প্রচার কর্মসূচীতে সামিল হবেন।

আই এস এফ নেতা নওসাদ সিদ্দিকি মুর্শিদাবাদের রঘুনাথগঞ্জ ও লালগোলায় দুটি জনসভায় যোগ দেবেন।

০০০০০০০০০০০০০০০০০০০০

আজ ঐতিহাসিক মে দিবস।১৮৮৬ সালের পয়লা মে আমেরিকায় শিকাগো শহরে ৮ ঘণ্টা কাজের দাবিতে যে সংগঠিত শ্রমিক আন্দোলনের সূচনা হয় তারই স্বীকৃতিতে প্রতি বছর দিনটি আন্তর্জাতিক শ্রমিক দিবস হিসেবে বিশ্বজুড়ে পালিত হয়ে থাকে। এই উপলক্ষে আজ নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। বিশ্বের সমস্ত শ্রমিকদের প্রতি শ্রদ্ধা জানাতে এই দিনটি স্মরণ করা হয়।

উল্লেখ্য ১৮৮৬ সালের পয়লা মে কাজের সময় কমানোর দাবিতে শিকাগো শহরে পথে নেমে বিক্ষোভ দেখাতে থাকেন শ্রমিকেরা । আন্দোলন চলাকালীন সময়ে পুলিশের সঙ্গে সংঘর্ষে কয়েকজন শ্রমিকের মৃত্যু ও হয়। এই ঘটনার পর ১৮৮৯ সালে আন্তর্জাতিক সমাজতান্ত্রিক সম্মেলনে শ্রমিকদের অধিকার নিয়ে প্রস্তাব পেশ করা হয়। সেই প্রস্তাবে সম্মতি জ্ঞাপন করেন সম্মেলনে র প্রতিনিধিরা। সম্মেলন থেকে শ্রমিকদের দৈনিক কাজের সময়সীমা ৮ ঘণ্টা বেঁধে দেওয়া হয়। সম্মেলন শেষে পয়লা মে কে শ্রমিক দিবস এবং ছুটির দিন ঘোষণা করা হয়।

মে দিবস উপলক্ষে আজ কলকাতায় স্বেচ্ছাসেবী সংগঠন" উদ্দীপন" এক রক্তদান শিবিরের আয়োজন করেছে। কলকাতার পার্ক সার্কাসে ডন বোস কো স্কুলে এই রক্তদান শিবির হবে। এছাড়াও বিভিন্ন সংগঠন দিনটি উদযাপনে নানা কর্মসূচি হাতে নিয়েছে।

ঐতিহাসিক মে দিবসের কেন্দ্রীয় সমাবেশ হবে বিকেলে শহীদ মিনার ময়দানে। কেন্দ্রীয় ট্রেড ইউনিয়ন, ১২-ই জুলাই কমিটি, ব্যাঙ্ক, বীমা, রেল, প্রতিরক্ষা ও বিএসএনএল কর্মচারী সংগঠনগুলি এতে যোগ দেবে।

শ্রমিক সংগঠন সি আই টি ইউ-র উদ্যোগেও মে দিবসের মিছিল বের করা হবে।

oooooooooooooooooo

তীব্র তাপ প্রবাহে পুড়ছে গোটা দক্ষিণবঙ্গ। শুক্রবার পর্যন্ত এই পরিস্থিতির বিশেষ হেরফের হবে না।

কলকাতায় গতকাল তাপমাত্রা পৌঁছয় ৪৩ ডিগ্রি সেলসিয়াসে, স্বাভাবিকের চেয়ে যা ৭ দশমিক ৪ ডিগ্রি বেশী। ১৯৫৪-র পর এপ্রিলে কলকাতায় এটি'ই সর্ব্বোচ্চ তাপমাত্রা।

কলাইকুন্ডায় গতকাল তাপমাত্রা উঠে ৪৭ দশমিক ২'ডিগ্রি সেলসিয়াসে, স্বাভাবিকের চেয়ে ১০ দশমিক ৪' ডিগ্রি বেশী।

পানাগড়েও তাপমাত্রা স্বাভাবিকের ১০ ডিগ্রি ওপরে- ৪৫ দশমিক ৬ ।

মেদিনীপুরে তাপমাত্রা ছিল ৪৫ দশমিক ৫ ডিগ্রী স্বাভাবিকের ৮ ডিগ্রী ওপরে।

বাঁকুড়ায় গতকাল তাপমাত্রা ৪৫ দশমিক ১ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের চেয়ে ৭ দশমিক ৪' ডিগ্রি বেশী।

ঝাড়গ্রাম, সিউড়ি, ব্যারাকপুর, বর্ধমান ও কৃষ্ণনগরে তাপমাত্রার পারদ ৪৪ ডিগ্রি বা তার ওপরে ঘোরাফেরা করেছে। পুরুলিয়া, ক্যানিং, উলুবেড়িয়া, দমদম, সল্টলেক, শ্রীনিকেতনে তা' ছিল ৪৩ ডিগ্রি বা তার ওপরে।

উত্তরবঙ্গে মালদায় ৪২ দশমিক ৬' এবং বালুরঘাটে ৪১ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রা রেকর্ড করা হয়েছে।

দুই বর্ধমান, পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রাম, বীরভূম, পুরুলিয়া, বাঁকুড়া ও মুর্শিদাবাদে আজ এবং আগামীকালও তীব্র তাপপ্রবাহের লাল সতর্কতা জারি থাকছে।

কলকাতায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৩০ ডিগ্রী, স্বাভাবিকের তুলনায় যা ৩ দশমিক ৯ ডিগ্রী বেশি।

শনিবার থেকে আবহাওয়ায় পরিবর্তনের সম্ভাবনা। রবিবার হাল্কা বৃষ্টির পূর্বাভাস রয়েছে দুই ২৪ পরগণা, পূর্ব মেদিনীপুর, বীরভূম, মুর্শিদাবাদ ও নদীয়ায়। রবিবার কলকাতা সহ দক্ষিণবঙ্গের সব জেলাতেই হাল্কা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা।

ooooooooooooooooooo

সিএবি পরিচালিত প্রথম মহিলাদের একদিনের ক্লাব ক্রিকেট লিগ আজ কোলকাতায় শুরু হচ্ছে। মোহনবাগান, ইস্টবেঙ্গল, মহামেডান স্পোর্টিং, কালীঘাট, রাজস্থান, এরিয়ান, ভবানীপুরসহ ১০ টি দল অংশ নিচ্ছে।

কলকাতা নাইটরাইডার্সের ফিল সল্ট ইডেনে আইপিএলের এক মরসুমে সর্বাধিক রান করার রেকর্ড গড়েছেন। দিল্লি ক্যাপিটালস এর বিরুদ্ধে ৬৮ রান করে সল্ট ২০১০ সালের আইপিএলে কলকাতা নাইট রাইডার্সের প্রাক্তন অধিনায়ক সৌরভ গাঙ্গুলির রেকর্ড ভেঙে দেন। সল্ট ইডেনে ৬ ইনিংসে ৩৪৪ রান করেছেন। সৌরভ ২০১০ এর আইপিএলে ৭ ইনিংসে করেছিলেন ৩৩১ রান।

ooooooooooooooooo

ooooooooooooooooooo

ooooooooooooooooooo

ooooooooooooooooooooo